গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড
১৬০ কাকরাইল, ঢাকা-১০০০
Website: www.basb.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ২৩.০০.০০০০.০৫০.১১.২৪৪.১৮-২৪৫ তারিখ ২৫ নভেম্বর ২০২১ এর আলোকে নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড এর অধীনে বিভিন্ন জেলা সশস্ত্র বাহিনী বোর্ডসমূহের নিম্নবর্ণিত শূন্য পদ সমূহে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন ৫নং কলামে বর্ণিত জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা (নুন্যতম) | জেলা কোটা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | করণিক (ইউডিএ)<br>(গ্রেড-১৪)<br>১০,২০০-২৪,৬৮০/- | ০১(এক)টি | ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সশস্ত্র বাহিনীর ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন অবসরপ্রাপ্ত সার্জেন্ট বা সমপদমর্যাদাধারী হতে হবে। | ক। ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, টাংগাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, নোয়াখালী, রাঙ্গামাটি, জয়পুরহাট, নাটোর, চাপাইনবাবগঞ্জ, বগুড়া, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, বরগুনা, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>খ। এতিম ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>৯,৩০০-২২,৪৯০/- | ০৩ (তিন)টি | ক। কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ। কম্পিউটার চালনায় অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; তবে শর্ত থাকে যে, সশস্ত্র বাহিনীর ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্পোরাল/ল্যান্স কর্পোরাল বা সমপদমর্যাদাধারী প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। | |

অন্যান্য শর্তাবলীঃ

১। নির্ধারিত ফরমে আবেদনকারীর সাম্প্রতিক সময়ে তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, ১৬০ কাকরাইল, ঢাকা-১০০০ বরাবর আগামী ১৮ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে সাধারণ ডাকযোগে অথবা অফিসে রক্ষিত বাক্সে (অফিস চলাকালীন সময়ে) পৌঁছাতে হবে।

২। আবেদন ফরমটি বিএএসবি'র ওয়েবসাইট www.basb.gov.bd এবং বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড (বিএএসবি), ১৬০ কাকরাইল, ঢাকা-১০০০ ও জেলা সশস্ত্র বাহিনী বোর্ড সমূহে (বৃহত্তর ২০ জেলা সদরে অবস্থিত) অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে।

৩। (ক) ২৫ মার্চ ২০২০ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসর; তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বৎসর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
(খ) অবসরপ্রাপ্ত সামরিক সদস্যদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৪৫ বৎসর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। এতিম ও শারীরিক প্রতিবন্ধী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদেরকে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। এই সংক্রান্ত কোনো প্রত্যয়ণপত্র আবেদনপত্রের সাথে দাখিল না করলে পরবর্তীতে তা আর বিবেচনায় আনা হবে না।

৫। ক। আবেদনপত্রের সাথে প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (সত্যায়িত অনুলিপি) এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে চাকরি প্রার্থীকে চাকরির আবেদনপত্রের সাথে তার পিতার বীর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (প্রযোজ্যতা অনুযায়ী), যা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
খ। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬। প্রচলিত বিধি মোতাবেক সকল ধরণের কোটা যথাযথভাবে সংরক্ষণ করা হবে।

৭। চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে।

৮। আবেদনপত্রের সাথে "পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড বরাবর সোনালী ব্যাংক ট্রেজারি চালান নং ৩-১৯৩৫-০১২০-২০৩১ এ পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) জমাকরতঃ ট্রেজারি চালান এর মূলকপি সংযুক্ত করতে হবে।

৯। প্রার্থীর নামে ইন্টারভিউ কার্ড প্রেরণের জন্য প্রার্থীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিট সংযুক্ত ৯X৪ ইঞ্চি মাপের একটি খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১০। দরখাস্ত প্রেরণের ক্ষেত্রে খামের উপর আবেদনকারীর জেলার নাম এবং সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য কিনা তা উল্লেখ করতে হবে।

১১। যোগ্য প্রার্থীকে ইন্টারভিউ কার্ড (পরীক্ষার প্রবেশপত্র, পরীক্ষা অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময়সূচি) যথাসময়ে ডাকযোগে প্রার্থী প্রদত্ত ঠিকানা সম্বলিত খামের মাধ্যমে প্রেরণ করা হবে।

১২। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। কম্পিউটার পরিচালনা ও টাইপিং এর উপর ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৩। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণগণকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি দেখাতে হবে।

১৪। শৃঙ্খলাজনিত কারণে সশস্ত্র বাহিনীর বরখাস্ত/বাধ্যতামূলক অবসরপ্রাপ্তদের আবেদনপত্র অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

১৫। নিয়োগের ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৭। শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৮। লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

উপপরিচালক
বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড
এবং
সদস্য সচিব, নিয়োগ কমিটি